



রেজিস্ট্রারের কার্যালয়  
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং: জাককানইবি/একাডেমিক/৩৪/০৭/১৪৯

তারিখ: ০৭/০৫/২০২০ খ্রি:

## জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশসহ বিশ্বজুড়ে করোনা ভাইরাস ছড়িয়ে পড়ার কারণে অধিকতর নিরাপত্তার স্বার্থে সরকারি সিদ্ধান্তে দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়েও একাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে। এমতাবস্থায় শিক্ষার্থীদের ক্ষতি পূষিয়ে নেওয়ার উদ্দেশ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) বন্ধ থাকা বিশ্ববিদ্যালয়সমূহে উচ্চশিক্ষায় "Online Education" এর ভূমিকা ও কার্যকারিতা সংক্রান্ত জরিপ কার্য পরিচালনার জন্য "Online Education Learning Policy" তৈরির উদ্যোগ গ্রহণ করেছে।

তারই অংশ হিসেবে একটি Questionnaire প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদীয় ডিনগণ, বিভাগীয় প্রধানগণ এবং সকল শিক্ষকগণকে এ জরিপ কাজে অনলাইনে অংশগ্রহণের আহ্বান জানিয়ে ইউজিসি কর্তৃক একটি স্ব-ব্যখ্যাত একটি পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

অতএব ইউজিসির প্রদত্ত লিংক (<http://www.surveymshare.com/S/AYAICKA>) হতে Questionnaire ফরমটি ডাউনলোড করে তা অনলাইনেই পূরণপূর্বক স্ব-স্ব ব্যবস্থাপনায় পত্রে প্রদত্ত ইমেইল ঠিকানায় ([kamalugc63@yahoo.com](mailto:kamalugc63@yahoo.com)) আগামী ১৫/০৫/২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। সম্মানিত ডিনগণ ও বিভাগীয় প্রধানগণকে তাঁদের স্ব-স্ব অনুষদ ও বিভাগভুক্ত শিক্ষকগণের উক্ত ফরম পূরণের বিষয়টি নির্ধারিত তারিখের মধ্যে নিশ্চিত করার জন্য অনুরোধ করছি।

উল্লেখ্য যে, ফরমটি পূরণ করতে গিয়ে কোন সমস্যা দেখা দিলে তার জন্য ইমেইল: [helpdesk@bdren.net.bd](mailto:helpdesk@bdren.net.bd) এবং ফোন নম্বর: ০৯৬১২২২৩৭৩৬ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

(কৃষিবিদ ড. মো: হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

মোবাইল নং: ০১৭১৫-২৮১৮৯২

Email: [kbdhumayun08@gmail.com](mailto:kbdhumayun08@gmail.com)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ট্রেজারার, সকল অনুষদীয় ডিনগণ, সকল বিভাগীয় প্রধানগণ, সকল দপ্তর/শাখা প্রধানগণ, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।

২। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।